

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৪৩৬

আগরতলা, ২ অক্টোবর, ২০২৪

প্রকাশিত সংবাদের প্রতিবাদ

আজ ২ অক্টোবর, ২০২৪ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ‘উদীচী কান্ডে মুখ পুড়লো সরকারের, তীব্র চাপের মুখে পুজো বন্ধের সিদ্ধান্ত প্রত্যাহার করতে হলো’ শিরোনামে প্রকাশিত সংবাদটি পশ্চিম ত্রিপুরা জেলার পুলিশ সুপারের নজরে এসেছে। প্রকাশিত সংবাদের প্রতিবাদ জানিয়ে পুলিশ সুপার ড. কিরণ কুমার কে জানিয়েছেন, পুজো বন্ধের সিদ্ধান্ত প্রত্যাহারের জন্য জেলা প্রশাসন / পুলিশ প্রশাসনের উপর কোনও চাপ থাকার বিষয়টি সত্য নয়। উদীচী ক্লাব ক্লাবের সদস্য এবং ডা. প্রীতম দেবরায়ের মধ্যে পুজো করার বিষয়ে একটি সমবোতার কাগজ এবং উদীচী ক্লাবের প্রেসিডেন্ট ও সেক্রেটারির স্বাক্ষরিত লেটার অব আন্ডারটেকিং জমা দেয়। লেটার অব আন্ডারটেকিংয়ে উদীচী ক্লাব জানায় যে, তারা শান্তি ও শৃঙ্খলা অটুট রেখে এবং সরকারি নির্দেশিকা মেনে পুজোর আয়োজন করবে। তাই দৈনিক সংবাদ পত্রিকায় তীব্র চাপের মুখে পুজো বন্ধের সিদ্ধান্ত প্রত্যাহার করতে হলো বলে যা প্রকাশিত হয়েছে তা সঠিক নয়। পুজোয় শান্তি শৃঙ্খলা বজায় রাখতে এবং চাঁদার জুলুমবাজির বিরুদ্ধে পুলিশ প্রশাসন দৃঢ় প্রতিজ্ঞ।

\*\*\*\*\*